



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

স্মারক নং: সিশিবো/পনি/সনদ/২১/২০১৬/১৪২(খ)

তারিখ : ২২/০৫/২০১৬ খ্রি.

প্রাপক : অধ্যক্ষ / প্রধান শিক্ষক

সিলেট বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান সমূহ

বিষয় : জে এস সি পরীক্ষার ২০১৪ সালের সনদপত্র এবং ২০১৫ সালের ট্রান্সক্রিপ্ট বিতরণ প্রসঙ্গে।


অত্র শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০১৪ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে এস সি) পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সনদপত্র এবং ২০১৫ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে এস সি) পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিচের সময়সূচি মোতাবেক অত্র শিক্ষা বোর্ডের সনদশাখা (কক্ষ নং ৩০৬) হতে গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক	তারিখ	বিতরণ সংক্রান্ত বিবরণ
০১	২৫/০৫/২০১৬	মৌলভীবাজার জেলা শিক্ষা প্রতিষ্ঠান সমূহ
০২	২৬/০৫/২০১৬	হবিগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহ
০৩	২৯/০৫/২০১৬	সুনামগঞ্জ জেলা শিক্ষা প্রতিষ্ঠান সমূহ
০৪	৩০/০৫/২০১৬	সিলেট জেলার সিলেট সদর, দক্ষিণ সুরমা, বালাগঞ্জ, বিশ্বনাথ উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহ
০৫	৩১/০৫/২০১৬	সিলেট জেলার অবশিষ্ট উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহ

মূল সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট গ্রহণ করতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্যাডে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে আবেদন করতে হবে। প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিগণও মূল সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট গ্রহণ করতে পারবে; এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে উক্ত প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করে দিতে হবে। নির্দিষ্ট তারিখে নির্ধারিত জেলা / উপজেলার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট বিতরণ করা হবে; অন্য জেলার/উপজেলার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট ঐ দিনে বিতরণ করা হবে না। নির্ধারিত তারিখেই গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্র : প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর সংযুক্ত করার জন্য অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

ফোন : ০৮২১ -৮৪০০৮৫

অবগতি ও কার্যার্থে :

১. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড - কে বোর্ডের web site -এ পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৩. সংরক্ষণ নথি।
৪. নোটিশ বোর্ড।